গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
www.dshe.gov.bd

স্মারক নম্বর: ৩৭.০২.০০০০.১১৫.০৪.০০১.২১.০১ তারিখ: ০১ জানুয়ারি ২০২৪ খ্রি.

বিষয়: অভিযোগ প্রতিকার ব্যবস্থার (G.R.S.) ত্রৈমাসিক প্রতিবেদন প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে অভিযোগ প্রতিকার ব্যবস্থার (G.R.S.) আলোকে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন **(অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ খ্রি.)**

পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদ্‌সংগে প্রেরণ করা হলো।
সংযুক্তি: বর্ণনামতে- ০১ (এক) পাতা।

01.01.2024

**(প্রফেসর মোঃ আমির হোসেন)**
পরিচালক
মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং
ও
অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা
ফোন: ২২৩৩৫১০৫৪
ই-মেইল : director_mew_dshe@yahoo.com

সচিব
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো:

১. অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সচিবের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সিনিয়র সহকারী সচিব (পারফর্মেন্স, উদ্ভাবন ও সেবা উন্নয়ন অধিশাখা), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৪. ইএমআইএস সেল, মধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা। (অভিযোগ প্রতিকার ব্যবস্থা সেবা বক্সে upload করার অনুরোধসহ)।
৫. সংরক্ষণ নথি।

## অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন/২০২৩

মন্ত্রণালয়/বিভাগের নামঃ মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা-১০০০।

বিবেচ্য মাসঃ **অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ খ্রি.**

পরিবীক্ষণ প্রতিবেদনঃ
অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিগত তিন মাসের **(অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ খ্রি.)** মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা এর ২য় ত্রৈমাসিক প্রতিবেদন নিম্নরূপে উপস্থাপন করা হলোঃ

(১) অনিক নিয়োগ :
এ অধিদপ্তরের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক) নিয়োগ দেয়া হয়েছে। অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক অনলাইনে এবং অফ লাইনে প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। এছাড়াও তিনি এ বিভাগের সাথে সরাসরি সম্পৃক্ত অধীনস্ত সংস্থাসমূহের আপীল নিষ্পত্তি কর্মকর্তা হিসেবে কাজ করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে আপীল কর্মকর্তা ও দপ্তর প্রধানকে অবহিত করছেন।

(২) আপীল কর্মকর্তা নিয়োগ:

এ বিভাগের অভিযোগ বিষয়ে প্রতিকারের জন্য আপীল কর্মকর্তা নিয়োগ দেয়া হয়েছে। তিনি অভিযোগ নিষ্পত্তি সংক্রান্ত প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্দেশিকা ২০১৫ (পরিমার্জিত ২০১৮) মোতাবেক প্রাপ্ত অভিযোগসমূহ যথাসময়ে বিধি মোতাবেক নিষ্পত্তি করছেন। তিনি অনিক ও অধস্তন দপ্তরসমূহের অভিযোগ প্রতিকার বিষয়ে কার্যক্রম মনিটরিং করছেন এবং প্রযোজ্য ক্ষেত্রে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করছেন। তিনি সময়ে সময়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত বিভিন্ন বিষয়ে দপ্তর প্রধানকে অবহিত করছেন।

(৩) মাসিক প্রতিবেদন প্রেরণঃ

অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত নির্ধারিত ফরমেটে মন্ত্রিপরিষদ বিভাগে এবং অনলাইনে www.grs.gov.bd তে যথাসময়ে মাসিক প্রতিবেদন প্রেরণ করা হয়। এছাড়া অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদনের অংশ হিসেবে এ প্রতিবেদন প্রস্তুতপূর্বক "অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত ২য় ত্রৈমাসিক পরিবীক্ষণ প্রতিবেদন/২০২৩" মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হলো। বিগত তিন মাসের **(অক্টোবর, নভেম্বর, ডিসেম্বর ২০২৩ খ্রি.)** পর্যালোচনা করলে দেখা যায় যে, এ বিভাগে অক্টোবর - **২০২৩** মাসে অনলাইনে প্রাপ্ত অভিযোগ **২০টি** এবং নিষ্পত্তি করছেন **১৬টি। নভেম্বর ২০২৩** মাসে প্রাপ্ত অভিযোগ **১৩টি** এবং নিষ্পত্তি করছেন ১৪ **টি**। ডিসেম্বর **২০২৩** মাসে প্রাপ্ত অভিযোগ ১৩**টি** এবং নিষ্পত্তি করছেন **১৫টি**। এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থাসমূহকে দুত অভিযোগ নিষ্পত্তি করার জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে।

এক নজরে ১ম ত্রৈমাসিক অভিযোগ প্রতিকার সংক্রান্ত তথ্য

| ক্র. নং | মাসের নাম | প্রাপ্ত অভিযোগ | অভিযোগ নিষ্পত্তির সংখ্যা | অনিষ্পন্ন অভিযোগের সংখ্যা | আপীল আবেদন সংখ্যা | আপীল নিষ্পত্তির সংখ্যা | অনিষ্পন্ন আপীল সংখ্যা | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|---|---|
| ১. | **অক্টোবর - ২০২৩** | ৫৩ | ১৬ | ১৭ | ২০ | ০ | ২০ | |
| ২. | **নভেম্বর-২০২৩** | ৪৬ | ১৪ | ১২ | ২০ | ০ | ২০ | |
| ৩. | **ডিসেম্বর -২০২৩** | ৪৬ | ১৫ | ১১ | ২০ | ০ | ২০ | |

অনিক ও আপীল কর্মকর্তার যথাযথ পদক্ষেপ গ্রহণের কারণে এ বিভাগে অভিযোগগুলো যথাসময়ে নিষ্পত্তি হচ্ছে এবং দিন দিন একই ধরণের অভিযোগের সংখ্যা হ্রাস পাচ্ছে।

(৪) অভিযোগ প্রতিকার সংক্রান্ত প্রশিক্ষণ:

প্রাপ্ত অভিযোগ যথাসময়ে নিষ্পত্তি, জনগণের ভোগান্তি হ্রাস, সেবার মান উন্নয়ন সুশাসন নিশ্চিতকল্পে অভিযোগ প্রতিকার ব্যবস্থা সংক্রান্ত এ বিভাগের আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা কর্মচারীদের অভিযোগ প্রতিকার ব্যবস্থা বিষয়ে প্রশিক্ষণ প্রদান করা হচ্ছে। ইতোমধ্যে এ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থার কর্মকর্তা-কর্মচারীদের জন্য অভিযোগ প্রতিকার সংক্রান্ত বিভিন্ন প্রশিক্ষণ কর্মশালা অনুষ্ঠিত হয়েছে ।

(৫) সার্বিক পরিবীক্ষণ:

বিগত তিন মাসে প্রাপ্ত অভিযোগসমূহ পর্যালোচনা করলে দেখা যায় যে, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা মন্ত্রণালয়ের প্রাপ্ত অভিযোগসমূহ যথাযথ সময়ে (G.R.S. সিস্টেমে অনলাইনে ও অফলাইনে নিষ্পত্তি করা হচ্ছে এবং অনিষ্পন্ন অভিযোগসমূহ অন্য দপ্তরে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হয়েছে। বর্তমানে কোনো অভিযোগ পেন্ডিং নেই । এ বিভাগের আওতাধীন অধিদপ্তর দপ্তর সংস্থাসমূহকে যথাযথ সময়ে অভিযোগ নিষ্পত্তি করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশনা প্রদান করা হয়েছে। প্রয়োজনীয় ব্যবস্থা গৃহীত হওয়ায় গ্রাহক সন্তুষ্টি ইতিবাচক।

প্রতিবেদন দাখিলকারীর স্বাক্ষর 01.01.2024

প্রতিবেদন প্রস্তুতকারী কর্মকর্তার নাম : **প্রফেসর মোঃ আমির হোসেন**

পদবি : পরিচালক

মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন উইং

ও

অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক)

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

বাংলাদেশ, ঢাকা ফোন নং- ২২৩৩৫১০৫৪

director_mew_dshe@yahoo.com